

## অস্ট্রেলিয়া ছাত্রলীগের স্থানীয় কার্যালয়ে আ.ফ.ম বাহাউদ্দিন নাসিম এর বিশেষ পরিদর্শন ও সাক্ষাৎকার



গত ২৮শে আগস্ট বাংলাদেশ আওয়ামীলীগের কেন্দ্রীয় কমিটির সাংগঠনিক সম্পাদক আ.ফ.ম বাহাউদ্দিন নাসিম অস্ট্রেলিয়া ছাত্রলীগের স্থানীয় কার্যালয় ১২৭ রেডফোর্ড স্ট্রীট, রেডফোর্ড, সিডনি কার্যালয় বিশেষ পরিদর্শন করেন। তিনি পরিদর্শন শেষে অস্ট্রেলিয়া ছাত্রলীগের উপস্থিত শতশত ছাত্র কর্মীদের সাথে পরিচিত হন। তিনি ছাত্রলীগকে প্রবাসে থেকে লেখা-পড়ার পাশাপাশি সাংগঠনিক ভাবে ছাত্র রাজনীতি চর্চা করার জন্য ও বাংলাদেশ আওয়ামীলীগকে শক্তিশালী করার জন্য ধন্যবাদ জানান। তিনি আরও বলেন অস্ট্রেলিয়া সফরে তিনি সকল সাংগঠনের মধ্যে দ্বিধা বিভক্তি দেখতে পান কিন্তু তিনি আনন্দিত যে এক মাত্র সাংগঠন অস্ট্রেলিয়া ছাত্রলীগ যাদের মাঝে কোন দ্বিধা বিভক্তি নেই। তিনি এই জন্য অস্ট্রেলিয়া ছাত্রলীগের উপর আশ্বাসপোশন ও ধন্যবাদ জানান। তিনি জানান অস্ট্রেলিয়া ছাত্রলীগের অতিথের সকল সাহসী কর্মকান্ড ও বর্তমানে সাংগঠনিক দারায় ছাত্র রাজনীতি চর্চা করার কথা প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অবগত করবেন।

অস্ট্রেলিয়া ছাত্রলীগ নেতার মধ্যমে প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে কিছু দাবী জানান। অস্ট্রেলিয়া ছাত্রলীগের প্রধান দাবী যুদ্ধঅপরাধীর বিচার ও বাংলাদেশ ছাত্রলীগকে সুসংঠিত করার জন্য দাবী জানান।

পরিদর্শনকালে কার্যালয়ে উপস্থিত ছিলেন অস্ট্রেলিয়া ছাত্রলীগের সভাপতি সরদার বেলাল হোসেন, সাধারণ সম্পাদক অপু সরোয়ার, সিরিয়র সহ-সভাপতি মুঈদুজ্জামান সুজন, সহ-সভাপতি মারুফ মোর্সেদ জুয়েল, যুগ্ম সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম, ছাত্রলীগ তুরাগ থানার সাবেক যুগ্ম আহ্বায়ক এস.আই. রুবেল চৌধুরী, ছাত্রলীগ নেতা শামসুল আলম আনিস, প্রান্তিক রহমান, হারুনুর রসিদ, মো: রতন, সুদীপ্ত দাস, সাহেদ চৌধুরী, আহমেদ বাবর ও মো: আবু কায়সার সহ শতাধিক ছাত্রলীগ কর্মী।



এছাড়া গত ২৬শে আগস্ট বাংলাদেশ আওয়ামীলীগের কেন্দ্রীয় কমিটির সাংগঠনিক সম্পাদক আ.ফ.ম বাহাউদ্দিন নাসিমকে স্ট্রামফোর্ড হোটেলে অস্ট্রেলিয়া ছাত্রলীগের শতশত ছাত্রলীগ কর্মী নেতার অস্ট্রেলিয়া সফরকে ফুল দিয়ে শুভেচ্ছা ও স্বাগত জানান।